

# সারাদেশে বানভাসি মানুষের পাশে ঢাবি শিক্ষার্থীরা

ঢাবি প্রতিবেদক

২২ আগস্ট ২০২৪, ১০:০১ পিএম



সারাদেশে বানভাসি পাশে দাঁড়ানোর উদ্যোগ নিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) শিক্ষার্থীরা। এই ক্রান্তিলগ্নে পানি বন্দী মানুষের পাশে দাঁড়িয়েছেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সদস্যরা, টিএসসিভিত্তিক সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের শিক্ষার্থীরা।

আজ বৃহস্পতিবার ঢাবিতে সকাল থেকে সাধারণ শিক্ষার্থীদের ব্যক্তি উদ্যোগে অর্থ সংগ্রহ করে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ‘গণত্রাণ সংগ্রহ’ কর্মসূচিতে জমা দিতে দেখা যায়।

সরেজমিনে দেখা যায়, ঢাকার বিভিন্ন প্রান্ত থেকে সাধারণ মানুষ ভ্যান, অটোরিকশা ও ব্যক্তিগত গাড়িতে শূকনো খাবার নিয়ে আসছেন। শূকনো খাবারের মধ্যে রয়েছে খই, চিড়া, মুড়ি, গুড়, চানাচুর ও বিস্কুট ইত্যাদি। এসব খাবার গাড়ি থেকে নামিয়ে টিএসসির গেইমসরুমে মজুদ করে রাখছেন ৪০-৫০ জনের একটি স্বেচ্ছাসেবী দল। বেশ কয়েকজনকে স্যালাইন, বিভিন্ন

মেডিসিন, লাইফ জ্যাকেট ও কাপড়চোপড় দিতে দেখা যায়। টিএসসিতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ব্যানারে অর্থ সংগ্রহ করছে। সে সময় রাজধানীর বেশ কয়েকটি স্কুল-কলেজের শিক্ষার্থীদের স্বেচ্ছাসেবী হিসেবে দেখা গেছে।

স্বেচ্ছাসেবী হিসেবে সকাল ৯টা থেকে কাজ করছেন মো. শুয়াইব ইসলাম। তিনি বলেন, ঢাকার বিভিন্ন প্রান্ত থেকে লোকজন এসে ক্যাশ টাকা ও শুকনো খাবার, স্যানিটারি ন্যাপকিন, স্যালাইন ডোনেট করতেছে। ইতোমধ্যে একট্রাক ত্রাণ আমরা পাঠিয়ে দিয়েছি। মজুদ করা মালামাল প্যাকেজিং করে আরও ৪/৫ ট্রাকে পাঠানো হবে। আজকে রাতে মধ্যেই বন্যাদুর্গত এলাকাগুলোতে ত্রাণ পৌঁছে যাবে।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মো. মহিউদ্দিন বলেন, বুধবার রাত থেকে আমাদের পরিকল্পনা চলছিল। তখন টিএসসিতে একটা মিটিংয়ে মাধ্যমে স্বেচ্ছাসেবী টিম ও রেসকিউ টিম গঠন করা হয়েছে। আমাদের সমন্বয়ক, সহ-সমন্বয়ক ও সাধারণ শিক্ষার্থীরা মিলে সকাল থেকে কাজ করছি। ইতোমধ্যে আমাদের দুটো টিম ফেনীর উদ্দেশ্যে রওয়ানা দিয়েছে। মহাসড়কে পানির কারণে তারা কুমিল্লা গিয়ে আটকে গেছে। এই লক্ষ্য সকালবেলায় ৫০টি বোট বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের পক্ষ থেকে পাঠানো হয়েছে।

বন্যার্তদের সাহায্যে এগিয়ে এসেছে ঢাবির টিএসসিভিত্তিক সংগঠনগুলোও। তারাও বিভিন্ন দলে দলে সাধারণ মানুষের কাছ থেকে অর্থ সংগ্রহ করেছেন। এ বিষয়ে জয়ধ্বনি সাংস্কৃতিক সংগঠনের সাধারণ সম্পাদক মো. আবু সাঈদ বলেন, আমরা ২০-৩০ জন সকাল থেকে অর্থ সংগ্রহ করছি। আজ সন্ধ্যা পর্যন্ত আমাদের কার্যক্রম চলবে। পরে আলোচনার মাধ্যমে প্রতিনিধি বাছাই করে রাতেই বন্যাদুর্গত এলাকায় সমস্ত অর্থ পাঠানো হবে।

আইন বিভাগের জুলিয়ান রাফাহ বলেন, ক্যাম্পাসের ঈশা খান রোড আবাসিক এলাকা থেকে আমরা শিক্ষকদের সন্তানরা ফেনী, নোয়াখালী এবং চট্টগ্রামের বন্যার্তদের জন্য ত্রাণ কার্যক্রম শুরু করি। আবাসিক এলাকা থেকে প্রায় ২৫ হাজার টাকা উত্তোলন করতে সমর্থ হই। এরপর আমরা ত্রাণসামগ্রী কিনে টিএসসিতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের গণ ত্রাণ কার্যক্রমে সহায়তা করার চেষ্টা করছি।